৪৪ ২৩/২/২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
২৩২/১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
www.bnfe.gov.bd

**বিষয়: স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি ও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সাথে সঙ্গতি রেখে উশিব্যু'র কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

গত ১৮ ফেব্রুয়ারি ২০২১ তারিখে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র মহাপরিচালক, তপন কুমার ঘোষ এর সভাপতিত্বে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি ও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সাথে সঙ্গতি রেখে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে এক সভা অনুষ্ঠিত হয়।

০২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে মহান মুক্তিযোদ্ধার সর্বাধিনায়ক সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধাভরে স্মরণ করা হয়। বাঙালি জাতির সর্বশ্রেষ্ঠ অর্জন স্বাধীনতা, সেই স্বাধীনতার সুবর্ণজয়ন্তী পালনের সুউদ্যোগ গ্রহণ করার জন্য দেশরত্ন শেখ হাসিনা মাননীয় প্রধানমন্ত্রীকে আন্তরিকভাবে ধন্যবাদ জানান। সকল বীর মুক্তিযোদ্ধাদের আত্মত্যাগ ও বীরত্বের কথা গভীর শ্রদ্ধাভরে স্মরণ করা হয়।

০৩। সভাপতি জানান যে, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপন উপলক্ষ্যে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় প্রাগম কর্তৃক স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বছরব্যাপী উদযাপনের কর্মসূচি গ্রহণ করা হয়েছে। তিনি আরো বলেন সুবর্ণজয়ন্তীর উদযাপনের নিমিত্ত প্রাগম কর্তৃক গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে সকলের সচেষ্ট হতে হবে এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র কর্মসূচি গ্রহণ করা প্রয়োজন। অত:পর সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক (প্রশাসন), সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে প্রাগম কর্তৃক গৃহীত সিদ্ধান্ত সভায় উপস্থিত সকলের অবগতির জন্য পাঠ করেন এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে উশিব্যুর বছরব্যাপী কর্মসূচি প্রণয়নপূর্বক মন্ত্রনালয়ে প্রেরণ করতে হবে মর্মে সভায় অবহিত করেন। সভাপতি বছরব্যাপী কর্মসূচি প্রণয়ন করার জন্য একটি কমিট গঠন করার নির্দেশ প্রদান করেন। এ সংক্রান্ত বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | প্রাথমিক গণশিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৩.১ | জাতীয় পতাকা প্রদক্ষিণ উপলক্ষ্যে জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত মুক্তিযোদ্ধা সমাবেশ ও অন্যান্য অনুষ্ঠানে অংশগ্রহণ ও প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে হবে। এ বিষয়ে সকল মাহপরিচালক, পরিচালক এবং প্রকল্প পরিচালক ব্যবস্থা গ্রহণ করবেন। | জাতীয় পতাকা প্রদক্ষিণ উপলক্ষ্যে জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত মুক্তিযোদ্ধা সমাবেশ ও অন্যান্য অনুষ্ঠানে অংশগ্রহণ ও প্রয়োজনীয় সহায়তা প্রদান করার নিমিত্ত ব্যুরোর জেলার সহকারী পরিচালকগণ ও বিএলপি প্রকল্পের উপজেলা প্রোগ্রাম অফিসারদের পত্র প্রেরণ করতে হবে। | প্রকল্প পরিচালক, বিএলপি/উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)/সহকারী পরিচালক (প্রশাসন) উশিব্যু, ঢাকা। |
| ৩.২ | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে বছরব্যাপী কর্মসূচি প্রণয়নপূর্বক চূড়ান্ত করে ১৫ দিনের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। অত:পর মন্ত্রণালয় এ বিষয়ে প্রয়োজন অনুসারে কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করবে। | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে উশিব্যুর বছরব্যাপী কর্মসূচি প্রণয়নের নিমিত্ত নিম্নরুপ কমিটি গঠন করা হলো:<br>• পরিচালক (প্রশাসন ও অর্থ) -- সভাপতি;<br>• উপ-পরিচালক (বিএলপি) -- সদস্য;<br>• সিস্টেম এনালিস্ট (উশিব্যু) -- সদস্য;<br>• উপ-পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন) -- সদস্য;<br>• উপ-পরিচালক (প্রশাসন ওঅর্থ) -- সদস্য;<br>• সহকারী পরিচালক(অর্থ ও লজি:) --সদস্য;<br>• সহকারী পরিচালক (প্রশাসন) --সদস্য সচিব।<br>গঠিত কমিটি ২৩/০২/২০২১ তারিখের মধ্যে কর্মসূচি প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করবেন। | পরিচালক (প্রশাসন ও অর্থ), উশিব্যু/ উপ-পরিচালক (বিএলপি)/সিস্টেম এনালিস্ট (উশিব্যু)/উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ), উশিব্যু/সহকারী পরিচালক (অর্থ ও লজি:),উশিব্যু/সহকারী পরিচালক (প্রশাসন), উশিব্যু। |

| | | | |
|---|---|---|---|
| ৩.৩ | স্বাধীনতা যুদ্ধে বীরঙ্গানাসহ সকল বীরমুক্তিযোদ্ধাদের অবদান নিয়ে ধারাবাহিক আলোচনা সভার আয়োজন করতে হবে। এ সকল অনুষ্ঠানে স্থানীয় প্রশাসনকে সম্পৃক্ত রাখতে হবে ও বীর মুক্তিযোদ্ধাদের যথাযথ মর্যাদায় আমন্ত্রণ জানাতে হবে। | ২৬ মার্চ ২০২১ তারিখে উশিব্যুর প্রধান কার্যালয়ে স্বাধীনতা যুদ্ধে বীরঙ্গোসহ সকল বীরমুক্তিযোদ্ধাদের অবদান নিয়ে আলোচনা সভার, দোয়া মাহফিল আয়োজন করতে হবে এবং বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পন করতে হবে। জেলা ও উপজেলা পর্যায়ের প্রশাসন কর্তৃক বীরঙ্গানাসহ সকল বীরমুক্তিযোদ্ধাদের নিয়ে আয়োজিত আলোচনা সভায় সার্বিক সহায়তা প্রদান করার জন্য ব্যুরোর জেলা সহকারী পরিচালকগণ ও বিএলপির উপজেলা প্রোগ্রাম অফিসারদের পত্র প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ), উশিব্যু/প্রকল্প পরিচালক, বিএলপি, ঢাকা/উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ),উশিব্যু/ সহকারী পরিচালক (প্রশাসন) উশিব্যু, ঢাকা। |
| ৩.৪ | বীর মুক্তিযোদ্ধাদেরকে বিশেষ উত্তরীয়/টি-শার্ট/ক্যাম্প ও বীরঙ্গানা মুক্তিযোদ্ধাদেরকে শাড়ি/শাল ইত্যাদি উপহার প্রদানের লক্ষ্যে জেলা-উপজেলায় আয়োজিত অনুষ্ঠানে প্রাথমিক শিক্ষার মাঠ পর্যায়ের সকলে অংশগ্রহণ করবেন ও প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন। | বীর মুক্তিযোদ্ধাদেরকে বিশেষ উত্তরীয়/টি-শার্ট/ক্যাম্প ও বীরঙ্গানা মুক্তিযোদ্ধাদেরকে শাড়ি/শাল ইত্যাদি উপহার প্রদানের লক্ষ্যে জেলা-উপজেলায় আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ ও প্রয়োজনীয় সহায়তা প্রদান করার জন্য উশিব্যুর জেলা ও উপজেলা কর্মকর্তাদের পত্র প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ), উশিব্যু/ প্রকল্প পরিচালক, বিএলপি, ঢাকা/উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)/ সহকারী পরিচালক (প্রশাসন) উশিব্যু, ঢাকা। |
| ৩.৫ | প্রাথমিক বিদ্যালয়ে মুক্তিযুদ্ধ ভিত্তিক জাতীয় কুইজ/রচনা/প্রতিযোগিতা/ সংগীত/নৃত্য/চিত্রাঙ্কন ইত্যাদি প্রতিযোগিতার আয়োজন করতে হবে। প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের জন্য উপজেলা থেকে শুরু করে জাতীয়ভাবে সেরাদের পুরস্কৃত করা যেতে পারে। অনুষ্ঠানসমূহে স্থানীয় প্রশাসনের কর্মকর্তাদের আমন্ত্রণ জানাতে হবে। | জাতীয় কুইজ/রচনা/প্রতিযোগিতা/সংগীত/ নৃত্য/চিত্রাঙ্কন ইত্যাদি প্রতিযোগিতার আয়োজন করতে হবে। প্রতিযোগিতায় ব্যুরোর মাঠ পর্যায়ের উপযুক্ত শিক্ষার্থীদের অংশগ্রহণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক, বিএলপি, ঢাকা/ উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)/ সহকারী পরিচালক (সকল), জেউশিব্যু |
| ৩.৬ | স্থানীয় প্রশাসন কর্তৃক আয়োজিত সুবর্ণজয়ন্তী মেলায় অংশগ্রহণ করতে হবে।<br>প্রাথমিক বিদ্যালয়ে নতুন প্রজন্মের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে মুক্তির উৎসবের (বছরব্যাপী/বিভাগওয়ারী) আয়োজন করতে হবে। | স্থানীয় প্রশাসন কর্তৃক আয়োজিত সুবর্ণজয়ন্তী মেলায় উশিব্যুর অংশগ্রহণ করতে হবে। | উপ-পরিচালক (বাস্তবায়ন)/সিস্টেম এনালিস্ট, উশিব্যু/ সহকারী পরিচালক (সকল), উশিব্যু/জেউশিব্যু, ঢাকা। |
| ৩.৭ | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে বই পাওয়া গেলে বঙ্গবন্ধু কর্নারে সংরক্ষণ ও পাঠের ব্যাবস্থা করা হবে। বইয়ের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা যেতে পারে। | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোতে বঙ্গবন্ধু কর্নার স্থাপন করতে হবে এবং বইয়ের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। বই পাওয়া গেলে কর্নারে সংরক্ষণ ও পাঠের ব্যবস্থা করতে হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ) উশিব্যু/উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ), উশিব্যু/সহকারী পরিচালক (অর্থ ও লজি:), উশিব্যু/সহকারী পরিচালক(প্রশাসন),উশিব্যু |
| ৩.৮ | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার ওয়েবসাইটে সুবর্ণজয়ন্তী কর্নার স্থাপন করতে হবে। সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে গৃহীত বছরব্যাপী কর্মসূচি তথ্যাদি এ কর্নারে রাখতে হবে। | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর ওয়েবসাইটে সুবর্ণজয়ন্তী কর্নার স্থাপন করতে হবে। | সিস্টেম এনালিস্ট, উশিব্যু, ঢাকা। |
| ৩.৯ | স্থানীয় প্রশাসনের গৃহীত কর্মসূচিতে অংশগ্রহণ করতে হবে। | স্থানীয় প্রশাসনের গৃহীত কর্মসূচিতে অংশগ্রহণ করার জন্য উশিব্যুর জেলা ও উপজেলা কর্মকর্তাদের পত্র প্রেরণ করতে হবে। | প্রকল্প পরিচালক, বিএলপি/উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ),উশিব্যু/ সহকারী পরিচালক (প্রশাসন) উশিব্যু/ সহকারী পরিচালক (সকল),জেউশিব্যু। |

| | | | |
|---|---|---|---|
| ৩.১০ | জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে জেলা-উপজেলায় কর্মসূচি গ্রহণ করতে হবে। অনুষ্ঠানসমূহে স্থানীয় প্রশাসনের কর্মকর্তাদের আমন্ত্রণ জানাতে হবে। | জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে জেলা-উপজেলায় কর্মসূচি গ্রহণ করতে হবে। অনুষ্ঠানসমূহে স্থানীয় প্রশাসনের কর্মকর্তাদের আমন্ত্রণ জানাতে হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ), উশিব্যু/ প্রকল্প পরিচালক, বিএলপি, ঢাকা/উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ),উশিব্যু/ সহকারী পরিচালক (প্রশাসন) উশিব্যু, ঢাকা/সহকারী পরিচালক (সকল), জেউশিব্যু। |
| ৩.১১ | সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে প্রণীত কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট দপ্তর ও সংস্থা যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে। | সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে প্রণীত কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। | পরিচালক (প্রশাসন ও অর্থ), উশিব্যু/প্রকল্প পরিচালক, (বিএলপি), ঢাকা/উপ-পরিচালক (সকল),উশিব্যু/বিএলপি; সহকারী পরিচালক (সকল),উশিব্যু/জেউশিব্যু, |
| ৩.১২ | সুবর্ণজয়ন্তীর লোগো ও থিমসং বছরব্যাপী সকল অনুষ্ঠানে ব্যবহার করতে হবে। | সুবর্ণজয়ন্তীর লোগো ও থিমসং সংগ্রহপূর্বক বছরব্যাপী সকল অনুষ্ঠানে ব্যবহার নিশ্চিত করতে হবে। | প্রকল্প পরিচালক, (বিএলপি), ঢাকা/ উপ-পরিচালক (সকল),উশিব্যু/বিএলপি; সহকারী পরিচালক (সকল),উশিব্যু/জেউশিব্যু, |

৪। অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬.০২.২০২১
(তপন কুমার ঘোষ)
মহাপরিচালক
ফোন:০২-২২২২৮৭৮৯৫
e-mail: dg@bnfe.gov.bd

স্মারক সংখ্যা: ৩৮.০০.০০০০.৩০১.২৩.৩৪১.১১- ২০৭

তারিখ: ১৩ ফাল্গুন ১৪২৭
২৬ ফেব্রুয়ারি ২০২১

**কার্যার্থে:**

১। পরিচালক (প্রশাসন ও অর্থ)/(পরিকল্পনা, মনিটরিং ও মূল্যায়ন), উশিব্যু, ঢাকা।
২। প্রকল্প পরিচালক, বিএলপি, উশিব্যু, ঢাকা।
৩। সিস্টেম এনালিস্ট, উশিব্যু, ঢাকা—(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। উপ-পরিচালক (সকল), উশিব্যু/বিএলপি, ঢাকা।
৫। সহকারী পরিচালক (সকল), উশিব্যু/বিএলপি/জেউশিব্যু।
৬। লাইব্রেরিয়ান/ষ্টোর অফিসার/সহকারী প্রোগ্রামার, উশিব্যু, ঢাকা।
৭। প্রোগ্রামার, বিএলপি, উশিব্যু, ঢাকা।
৮। হিসাবরক্ষণ কর্মকর্তা, বিএলপি, উশিব্যু, ঢাকা।
৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, উশিব্যু, ঢাকা---(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১০। অফিস কপি।

**সদয় জ্ঞাতার্থে:**

সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

26.2.2021
(ড. মোছাঃ ফাহমিদা বেগম)
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন: ২২২২৯২৭৪০